গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা-৪ শাখা,
www.moha.gov.bd

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাভুক্ত "ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের "দেশের গুরুত্বপূর্ণ স্থানে ২০টি (১২টি নতুন ও ০৮ টি ফায়ার স্টেশন পুনঃ নির্মাণ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন" প্রকল্পের ২০২৫-২০২৬ অর্থ বছরের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (PSC) ২য় সভার কার্যবিবরণী:**

---

| | |
|---|---|
| সভাপতি | |
| সভার তারিখ | ০৭ জুন ২০২৬ |
| সভার সময় | বেলা ০২.৩০ |
| স্থান | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

২.০ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অগ্নি নির্বাপণ ছাড়াও বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ, বিভিন্ন উদ্ধার অভিযানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। প্রস্তাবিত "দেশের গুরুত্বপূর্ণ স্থানে ২০টি (১২টি নতুন ও ০৮ টি ফায়ার স্টেশন পুনঃ নির্মাণ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন" প্রকল্পের ভবনগুলো নির্মাণে গণপূর্ত ও স্থাপত্য বিভাগের অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। প্রকল্পের সকল ভবনের কাজ যেন মান বজায় রেখে যথাসময়ে সম্পন্ন হয়ে সেজন্য সকলকে একসঙ্গে কাজ করার আহ্বান জানান। তিনি প্রকল্প পরিচালককে আজকের আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয়। অতঃপর প্রকল্পের বিস্তারিত বিষয়ে আলোচনার জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ করা হয়।

প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের জমি বিদ্যমান ১০টি (শিমুলতলী, মাদারীপুর সদর, কুমিল্লা সদর, দেবিদ্বার, মাইজদী, চৌমুহনী, নওগাঁ সদর, ঈশ্বরদী, সিলেট সদর, ও ময়মনসিংহ সদর। তন্মধ্যে আংশিক-০৪টি (নবাবগঞ্জ-ঢাকা, দাগনভূঞা-ফেনী, ব্রাহ্মণপাড়া-কুমিল্লা, দৌলতপুর-কুষ্টিয়া এবং পূর্ণ- ০৬টি (পুবাইল-গাজীপুর, নাঙ্গলকোট-কুমিল্লা, শিবপুর-নোয়াখালী, নারিকেলবাড়িয়া-যশোর, আজমিরীগঞ্জ-হবিগঞ্জ ও পিয়ারপুর-জামালপুর)। জমি অধিগ্রহণের পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণ করা হয়েছে ০৪টি (পুবাইল, আজমিরীগঞ্জ, পিয়ারপুর, দাগনভূঞা-ফেনী)। পুরাতন ৮টি ও নতুন ০২টি (দেবিদ্বার-কুমিল্লা ও শিমুলতলী-গাজীপুর) ভবনের স্থাপত্য নকশার কার্যক্রম সম্পন্ন। আগামী সপ্তাহে (জুন ২০২৬) এর মধ্যে দরপত্র আহ্বান করা হবে। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

৩.০ আলোচনা ও সিদ্ধান্ত:

| প্রকল্প সংক্রান্ত তথ্যাদি | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| প্রকল্পের নাম:<br>"দেশের গুরুত্বপূর্ণ স্থানে ২০টি (১২টি নতুন ও ০৮ টি ফায়ার স্টেশন পুনঃ নির্মাণ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন" প্রকল্প<br>**প্রাক্কলিত ব্যয়:**<br>৬৫০৯৬.১২ লক্ষ টাকা।<br>**বাস্তবায়নকাল:**<br>জুলাই ২০২৫ হতে জুন ২০২৮<br>**ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি:**<br>০.৩০ কোটি টাকা, (১.০৫%)<br>**ভৌত অগ্রগতি:**<br>০.০০%<br>২০২৫-২৬ অর্থবছরে জুলাই ২০২৫ | প্রকল্প পরিচালক প্রকল্পের অগ্রগতি সম্পর্কে বলেন, নতুন করে জমি অধিগ্রহণতব্য স্টেশনসমূহের জন্য ডিপিপিতে যে সাইট/জমি উল্লেখ করা হয়েছে বাস্তবতার নিরিখে পূবাইলসহ কয়েকটি স্টেশনের সাইট/স্থান পরিবর্তন করতে হবে। অন্যথায় অর্থ ব্যয় বেশী হবে ও উপযুক্ত জমিও সংগ্রহ করা যাবেনা। এতে প্রকল্পের উদ্দেশ্য অথাৎ দ্রুত সেবা (Quick Response) প্রদান ব্যহত হওয়ার আশংকা থাকে। মহাপরিচালক জানান যে, সকল সাইটে সমস্যা সেক্ষেত্রে PWD স্থানীয় প্রশাসনসহ সংশ্লিষ্টদের নিয়ে কমিটি করে তাদের সুপারিশ মোতাবেক সাইট চূড়ান্ত করা ভালো। সভাপতি এ প্রস্তাবনা যোক্তিক ও উত্তম বলে অভিমত ব্যক্ত করেন। | (ক) প্রকল্প পরিচালক, PWD, স্থানীয় প্রশাসন, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের প্রতিনিধি সমন্বয়ে গঠিতব্য কমিটি করে তার সুপারিশের ভিত্তিতে উপযুক্ত নির্মাণ সাইট সিলেকশন করতে হবে; |

| | | |
|---|---|---|
| হতে মে ২০২৬ পর্যন্ত ব্যয়: ০.৩০ কোটি টাকা<br>**বাস্তবায়নকারী সংস্থা:**<br><br>প্রকল্প পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, গণপূর্ত অধিদপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়<br><br>**প্রকল্প পরিচালক:**<br>মোঃ ছারোয়ার হোসেন<br>প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)<br>মোবাইল: ০১৭১৫১২২৯০০ | ০২। নতুন/আংশিক জমি অধিগ্রহণতব্য স্টেশনসমূহের জন্য ডিপিপিতে যে প্রাক্কলন উল্লেখ করা হয়েছে, বাস্তবে বর্তমান জমি অধিগ্রহণের মূল্য বৃদ্ধি পাবে। ৩-4 বছর পূর্বের জমির মূল্য (Rate) ডিপিপিতে উল্লেখ আছে। প্রকল্প পরিচালক জানান, জমির দাম দ্রুত বৃদ্ধি পাওয়ার কারনে DPP তে উল্লেখিত আর্থিক সীমার মধ্যে আজমিরীগঞ্জ, বামনপাড়া, নাঙ্গালকোট, দাগনভূঁইয়াসহ অন্য স্টেশনের জন্য জমি সংগ্রহ দুরুহ হবে। তিনি বলেন, প্রকল্পের জন্য দ্রুত জমি সংগ্রহ করা না গেলে নির্ধারিত সময় প্রকল্প বাস্তবায়ন সম্ভব হবে না কারণ জমি সংগ্রহ নিশ্চিত না হয়ে প্রকল্প সংশ্লিষ্ট অন্যান কাজ শুরু করা যায় না। মহাপরিচালক জানান, বিষয়টি তিনি অবগত আছেন। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর মাঠ পর্যায়ের লোক এটা নিয়ে কাজ করছে। সদস্যগণ দ্রুত জমি সংগ্রহের বিষয় প্রকল্প পরিচালককে উদ্যোগ নিতে অনুরোধ করেন। | (খ) ডিডিপি সংস্থানের বাহিরে জমির মূল্য বৃদ্ধি পেলে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। পরবর্তীতে প্রয়োজনে প্রকল্প পরিচালকসহ স্থানীয় প্রশাসন থেকে হালনাগাদ জমির মূল্যের তথ্য নিয়ে এই বিষয়ে মন্ত্রণালয়কে পত্র লিখে অবহিত করতে হবে। পরবর্তীতে ডিপিপি সংশোধনের কার্যক্রম গ্রহণ করতে হবে; |
| | ২০টি স্টেশনের অনুকূলে ভূমি উন্নয়ন খাতে গড়ে ২৮০.০০ লক্ষ টাকার সংস্থান রয়েছে। বাস্তবে স্থান ভেদে হাওর এলাকা/নিঁচু জমি এমন স্টেশনসমূহের ভূমি উন্নয়ন খাতে ব্যয় বৃদ্ধি পাবে। প্রকল্প পরিচালক জানান দৌলতপুর , কুস্টিয়া, আজমিরীগঞ্জ, হবিগঞ্জ, বামনপাড়া, ও দেবীদ্বার, কুমিল্লা ও শিবপুর , জামালপুর, এর সাইট সড়ক/আঞ্চলিক সড়ক থেকে অনেক নীচু এবং ডিপিপিতে গতানুগতিক ধারায় বরাদ্দ রাখা বরাদ্দকৃত অর্থ চাহিদার তুলনায় অপ্রতুল। PWD এর প্রতিনিধি জানায় আজমিরীগঞ্জ, দৌলতপুর এর ক্ষেত্রে বরাদ্দ থেকে অনেক অর্থ প্রয়োজন হবে। | (গ) ডিপিপিতে সংস্থানকৃত অর্থের বাহিরে ভূমি উন্নয়ন খাতে জমির মূল্য বৃদ্ধি পেলে PWD এর প্রতিবেদন এতদসংক্রান্ত বিষয়ে এ মন্ত্রণালয় প্রেরণ করতে হবে। পরবর্তীতে ডিপিপি সংশোধনের কার্যক্রম গ্রহণ করতে হবে; |
| | ০৪। গণপূর্তের রেট সিডিউল-২০২২ এ ভ্যাট এর কর্তন হার (যাহা গণপূর্ত কর্তৃক বিল পরিশোধের সময় কর্তনযোগ্য) ৭.৫% নির্ধারিত ছিল। কিন্তু সম্প্রতি ২৭ মে ২০২৫ তারিখ জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপনে ০৩ নং অনুচ্ছেদের ০৫ নং ক্রমিকে নির্মাণ সংস্থা কর্তৃক ১০% মুসক উৎসে কর্তন করার জন্য এসআরও জারী করায় নির্মাণ খাতে ব্যয় বৃদ্ধি পাবে। ২.৫ % মুসক বৃদ্ধি পাওয়ায় প্রকল্প খাতে প্রায় ১৬ কোটি টাকা G-2-G মাধ্যমে সরকারি, খাতেই জমা হবে বিবেচনায় ডিপিপি সংশোধন করতে হবে। প্রকল্প পরিচালক জানায়, বর্তমানে পুরাতন ৮টি সহ দেবীদ্বার ও শিমুলতলী স্টেশনের প্রাক্কলন করার সময় ২.৫% হিসাবে G-2-G খাতে অতিরিক্ত স্টেশন প্রতি ৫০ লক্ষ টাকা বেশী প্রাক্কলনে আসছে। এ বিষয়ে অত্র সভার সিদ্ধান্ত প্রয়োজন। সভায় সদস্যগণ মুসকের টাকা সরকারি একখাত থেকে অন্যাখাতে বা G-2-G তে স্থানান্তর বিবেচনায় এটার জন্য প্রকল্প বাস্তবায়ন যাতে ব্যহত না হয় সেজন্য সভায় মতামত ব্যক্ত করা হয়। | (ঘ) ডিপিপিতে সংস্থানকৃত অর্থের বাহিরে ভ্যাট এর কর্তন হার বৃদ্ধি পাওয়ায় অতিরিক্ত কত টাকা সম্ভাব্য লাগতে পারে তা জানিয়ে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।<br><br>(ঙ) বার্ষিক ক্রয় ও কর্ম পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের সার্বিক কার্যক্রম সম্পন্ন করতে হবে। |

০৪। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে আলোচনা সমাপ্তি ঘোষণা করা হয়।

১৬-০৬-২০২৬
মনজুর মোর্শেদ চৌধুরী
সিনিয়র সচিব
ফোন : +৮৮০২২২৩৩৫৩৭১০
ফ্যাক্স : +৮৮-০২-৯৩৪৭২৯০
ইমেইল : secretary@moha.gov.bd

২ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
তারিখ: ১৬ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৪৪.০০.০০০০.০০০.০৬৬.৩১.০০০২.২৬.৩৯

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।
২। সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।
৩। সচিব, সচিবের দপ্তর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৪। সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ।
৫। অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৬। অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৭। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর।
৮। প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর।
৯। অতিরিক্ত প্রধান স্থপতি (অতিরিক্ত দায়িত্ব), অতিরিক্ত প্রধান স্থপতির দপ্তর (জোন-১), স্থাপত্য অধিদপ্তর।
১০। যুগ্মসচিব, পরিকল্পনা-২ অধিশাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১১। প্রকল্প পরিচালক, "দেশের গুরুত্বপূর্ণ স্থানে ২০টি (১২টি নতুন ও ০৮ টি ফায়ার স্টেশন পূনঃ নির্মাণ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন" প্রকল্প, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১২। সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১৩। সিস্টেম এনালিস্ট-২, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

১৬-০৬-২০২৬
আলীমুন রাজীব
উপসচিব